

Document Title:	কীট পতঙ্গ নিয়ন্ত্রণ নীতিমালা (PEST CONTROL POLICY)	
	Date Compiled: 01-01-2023	Effective From: 01-01-2023

পেট কন্ট্রোল বা কীট পতঙ্গ নিয়ন্ত্রণ এর জন্য “আসদোয়া ফ্যাশন লিঃ” নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহন করে থাকে :

- ➡ প্রতিষ্ঠানকে কীট-পতঙ্গ, পোকা-মাকড় ইত্যাদি থেকে মুক্ত করার জন্য অবশ্যই পেট কন্ট্রোল নীতি অনুসরণ করতে হবে।
- ➡ কীট-পতঙ্গ, পোকা-মাকড় ইত্যাদির উপদ্রব থেকে রক্ষা পাওয়ার জন্য প্রতিটি ফিনিশিং ও প্যাকিং অঞ্চলের দরজা ও জানালা নেট দিয়ে আবৃত করতে হবে।
- ➡ ফিনিশিং ও প্যাকিং অঞ্চলের প্রবেশ মুখে হলুদ আলো বিশিষ্ট বৈদ্যুতিক কীট ধ্বংসকারী জালির ব্যবস্থা করতে হবে।
- ➡ প্রতিষ্ঠানের যাবতীয় পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য সার্বক্ষণিক পরিচ্ছন্নকারীর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ➡ বাহিরের কোন পেট কন্ট্রোল কোম্পানীকে দিয়ে প্রতি তিন মাস পর পর অবশ্যই সম্পূর্ণ প্রতিষ্ঠানে পেট কন্ট্রোল করাতে হবে।
- ➡ পেট কন্ট্রোল করার জন্য ভাল কিছু পেট কন্ট্রোল কোম্পানীর নিকট যোগাযোগ করা হয় এবং ভাল গুনাগুন বিবেচনা করে একটি কোম্পানীকে দায়িত্ব দেওয়া হয়।
- ➡ পেট কন্ট্রোল করার দিন সম্পূর্ণ রূপে প্রতিষ্ঠানটি বন্ধ থাকবে।
- ➡ “আসদোয়া ফ্যাশন লিঃ” এর কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পেট কন্ট্রোল কোম্পানীর লোকজনকে কোম্পানীর বিভিন্ন স্থানে নিয়ে যাবেন এবং স্থান চিনিয়ে দিবেন।
- ➡ পেট কন্ট্রোল করার সময় কোন ব্যক্তি কক্ষে অবস্থান করতে পারবেন না। খুব বেশী প্রয়োজন হলে কম পক্ষে দুই ঘন্টা পর কক্ষে প্রবেশ করতে পারবেন।
- ➡ পেট কন্ট্রোল করার পূর্বেই খাবার-দাবার, পানি, থালা-বাসন, বাটি-পেয়ালা ইত্যাদি নিরাপদ স্থানে বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে।
- ➡ পেট কন্ট্রোল করার পরদিন প্রতিষ্ঠানে কাজে যোগ দেওয়ার সময় প্রথমেই কিছুক্ষণ দরজা, জানালা, এসি, এগজস্ট ফ্যান, সিলিংফ্যান ইত্যাদি খুলে পর্যাণ্ড আলো বাতাস চলাচলের ব্যবস্থা করতে হবে।
- ➡ পেট কন্ট্রোল করার পর পেট কন্ট্রোল কোম্পানীর নিকট হতে একটি সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।


কর্তৃপক্ষ
